Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 07 April, 2025

ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জাটকা সংরক্ষণ সপ্তাহ (৮-১৪ এপ্রিল) ঘোষণা করেছে সরকার।এই সময়ে সব ধরনের ইলিশ সংগ্রহ ও বিক্রিতে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে।এছাড়াও আইন সংশোধন করে ৫৮ দিন বঙ্গোপসাগরে সব ধরনের মাছ আহরণ নিষিদ্ধ করা হয়েছে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার।

সোমবার (৭ এপ্রিল) সচিবালয়ে এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান তিনি। মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা জানান, মঙ্গলবার (৮ এপ্রিল) বরিশালে জাটকা সংরক্ষণ সপ্তাহের উদ্বোধন করা হবে।এছাড়া আইন সংশোধন করে আগামী ১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত ৫৮ দিন বঙ্গোপসাগরে সব ধরনের মাছ আহরণ নিষিদ্ধ করা হয়েছে।এই সময়ে জেলেদের ভিজিএফের চাল বিতরণের কর্মসূচি রয়েছে সরকারের।

বৈশাখে পান্তা-ইলিশ খাওয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, পহেলা বৈশাখে পান্তার সঙ্গে ইলিশ খাওয়ার অপসংস্কৃতি বন্ধ করা উচিত।কেননা, এটি বাঙালি সংস্কৃতি নয়।এ সময় সরকার প্রবাসীদের জন্য প্রথমবারের মতো সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতে ইলিশ রপ্তানির উদ্যোগ নিয়েছে বলেও জানান তিনি।

ঘোষিত জাটকা সপ্তাহে দেশের ২০টি জেলায় জাটকা ধরা, পরিবহন, মজুদ ও ক্রয়-বিক্রয়ে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে।এসব জেলার মধ্যে রয়েছে ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, মুন্সিগঞ্জ, বরিশাল, ভোলা ও পটুয়াখালী।এছাড়াও পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম, বাগেরহাট ও সিরাজগঞ্জেও এ নিষেধাজ্ঞা কার্যকর হবে।

অর্থনীতি ইলিশ উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:14

URL: https://www.timestodaybd.com/bangladesh/775807427